

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
(শিশু ও সমৰ্থ অনুবিভাগ)  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-৩২.০০.০০০০.০৩৫.৩১.০০১.২০-১৩

তারিখঃ ২৩/০২/২০২১ খ্রি:

বিষয়ঃ জেলা মহিলা সহায়তা কেন্দ্র, সিলেট পরিদর্শন প্রতিবেদন।

বিগত ১৮ ফেব্রুয়ারি, ২০২১ তারিখ সকাল ১১:৩০ ঘটিকায় জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতাধীন নারী নির্যাতন প্রতিরোধ সেল এর আওতাভুক্ত মহিলা সহায়তা কেন্দ্র, সিলেট সরেজমিন পরিদর্শন করি। পরিদর্শনকালে কেন্দ্রের অতিরিক্ত দায়িত্বে নিয়োজিত উপ-পরিচালক (ম্যাজিস্ট্রেট) রোজিনা আক্তার (সিনিয়র সহকারী কমিশনার জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট), উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট, জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, সিলেট সহ সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।


০১। সিলেট শহরের বাগবাড়ী এলাকায় নিজস্ব ভবনে কেন্দ্রটি অবস্থিত। কেন্দ্রে প্রায় ৪০ জন ডিকটিমের ধারণক্ষমতা সম্পন্ন ডরমিটরী ভবন, ডাইনিং কক্ষ, শিশু বিনোদন কেন্দ্র, শুনানী/কাউন্সেলিং কক্ষ, প্রশাসনিক ভবন সহ অন্যান্য অবকাঠামোগত সুযোগ সুবিধা আছে। করোনা সংক্রমনের শুরু থেকে এখন পর্যন্ত ডরমিটরীতে কোন আবাসিক ডিকটিম কেন্দ্রে অবস্থান করছেন না।

০৩। উক্ত কেন্দ্রে কোন সার্বক্ষণিক উপ-পরিচালক (ম্যাজিস্ট্রেট) পদায়ন করা হয়নি, সিলেট জেলা প্রশাসনের একজন সিনিয়র সহকারী কমিশনার এ কেন্দ্রের উপ-পরিচালক (ম্যাজিস্ট্রেট) এর অতিরিক্ত দায়িত্ব পালন করছেন। তাছাড়া জেলা পুলিশের একজন পুলিশ পরিদর্শক এবং সমাজকল্যাণ অধিদপ্তরের একজন সমাজ কল্যাণ কর্মকর্তা প্রেরণে মহিলা সহায়তা কেন্দ্রে কর্মরত আছেন।

০৪। কেন্দ্রের মোট অনুমোদিত ২০টি পদের মধ্যে ০৮টি পদ শূন্য আছে। তন্মধ্যে আইনজীবি, মেডিক্যাল অফিসার, মেট্রন, বেঞ্চ সহকারী, গার্ড এবং পিওন এর পদ শূন্য থাকায় কেন্দ্রের স্বাভাবিক কার্যক্রম পরিচালনায় অসুবিধা হচ্ছে। তাছাড়া কেন্দ্রের ব্যবহৃত ০২টি কম্পিউটার দীর্ঘদিনের পুরাতন হওয়ায় তা প্রায়শই অকেজে হয়ে পড়ে এবং এগুলোর রক্ষাবেক্ষণের জন্য বিপুল অর্থ ব্যয় হয়ে থাকে বলে জানানো হয়। ফলে বিদ্যমান করোনা পরিস্থিতিতে অনলাইনে সভা ও অন্যান্য যোগাযোগ রক্ষায় অসুবিধা হচ্ছে। শূন্য পদে জনবল নিয়োগ/পদায়নের জন্য এবং কম্পিউটার/ল্যাপটপ সরবরাহের জন্য মহিলা বিষয়ক অধিদপ্তরে পত্র প্রেরণ করা হলেও এ বিষয়ে এখনও কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি (পত্রের কপি সংযুক্ত) মর্মে জানানো হয়।

০৫। সার্বিক মন্তব্যঃ

- i) নবনির্মিত নিজস্ব ভবনে কেন্দ্রের কার্যক্রম পরিচালিত হচ্ছে বিধায় এখানে অবকাঠামোগত সুযোগ/সুবিধা অপেক্ষাকৃত ভাল।
- ii) আইনজীবি, বেঞ্চ সহকারী, মেডিক্যাল অফিসার, মেট্রন, গার্ড, পিওন পদে দ্রুত নিয়োগ/পদায়নের ব্যবস্থা গ্রহণ প্রয়োজন।
- iii) অনলাইন যোগাযোগ রক্ষাসহ জরুরী দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের স্বার্থে কেন্দ্রে নতুন কম্পিউটার ও ল্যাপটপ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।



২৩/০২/২০২১

(মোঃ মুহিবুজ্জামান)

যুগ্ম সচিব

সিনিয়র সচিব

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ

০১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩, ইন্ফার্ন গার্ডেন রোড, ঢাকা।

০২। জেলা প্রশাসক, সিলেট।

০৩। মাননীয় প্রতিমন্ত্রী একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। উপ-পরিচালক (ম্যাজিস্ট্রেট), মহিলা সহায়তা কেন্দ্র, মহিলা বিষয়ক অধিদপ্তর, বাগবাড়ী, সিলেট।

০৫। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, জেল রোড, সিলেট।